

সোহরাওয়ার্দী উদ্যানে জনসভা

খালেদার কার্যালয়ের বিদ্যুৎ ও পানির লাইন কাটার

ছমকি নৌমন্ত্রীর

নিজস্ব প্রতিবেদক|আপডেট: ০২:২৫, জানুয়ারি ৩১, ২০১৫| প্রিন্ট সংস্করণ

হরতাল-অবরোধ প্রত্যাহার না করলে বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার গুলশান কার্যালয়ের বিদ্যুৎ ও পানির লাইন কেটে দেওয়ার ছমকি দিয়েছেন নৌ পরিবহনমন্ত্রী শাজাহান খান। তিনি বলেছেন, অবরুদ্ধ কার্যালয়ে খালেদা না খেয়ে মরে পড়ে থাকবেন। গতকাল শুক্রবার রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে শ্রমিক-কর্মচারী-পেশাজীবী-মুক্তিযোদ্ধা সমন্বয় পরিষদের সমাবেশে সংগঠনের আহ্বায়ক ও শ্রমিক নেতা শাজাহান খান এ ছমকি দেন। ২০ জানুয়ারি এই সংগঠনটি গড়ে তোলা হয়।

শাজাহান খান বলেন, অবরোধ প্রত্যাহার না হলে খালেদা জিয়ার কার্যালয় পোড়া গাড়ি দিয়ে ঘেরাও করা হবে। বাইরে থেকে খালেদার জন্য যে খাবার নেওয়া হয়, তা নিতে দেওয়া হবে না। ওই কার্যালয় এমনভাবে অবরুদ্ধ করা হবে যে খালেদা জিয়া না খেয়ে মরে পড়ে থাকবেন। নৌমন্ত্রী এসএসসি পরীক্ষার আগেই অবরোধ প্রত্যাহার করার আহ্বান জানান।